গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ১৮৫-আইন/২০২৪/৩৭/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপধারা (১), মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৪ এর বিধান অনুযায়ী অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত আইনের ধারা ৮ অনুসারে নিয়োগপ্রাপ্ত ডেভেলপারকে অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কার্যে ব্যবহার্য পণ্য আমদানিতে উহার উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণ মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয় রেগুলেটরি শুল্ক, সম্পূরক শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

**<u>শর্তাবলি</u>**

(১) অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারকে মূল্য সংযোজন কর নিবন্ধিত হইতে হইবে;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের নাম, বিবরণ, পরিমাণ সংক্রান্ত তথ্য অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক অনুমোদিত ও প্রত্যয়িত হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, বাংলাদেশে সহজলভ্য এইরূপ নির্মাণ সামগ্রী যেমন-এমএস রড/বার, সিমেন্ট, প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং, আয়রন/স্টিল সীট আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না;

(৩) অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন এবং নির্মানের সহিত সরাসরি সম্পৃক্ত নয় এইরূপ কোনো পণ্য যেমন- অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, যাত্রীবাহী যানবাহন, গৃহস্থালী-ব্যবহার্য দ্রব্যাদি এবং অনুরূপ অন্যান্য পণ্য আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

২।	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১ জুলাই, ২০১৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২০৮-আইন/২০১৫/৪৫/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩।	এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব।**